গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা

**মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে ৫৬টি রেল স্টেশন আধুনিকায়ন ত্বরান্বিতকরণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব |
| সভার তারিখ | ১৪ মার্চ ২০২২ |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | রেলপথ মন্ত্রণালয়-এর সভাকক্ষ (কক্ষ নং-৯৩০, ৯ম তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট- ‘ক’ তে সন্নিবেশ করা হলো। |

সভাপতি সভায় উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মুজিববর্ষ উপলক্ষ্যে সম্মানিত যাত্রীসাধারণের আরামদায়ক রেলভ্রমণ নিশ্চিতকরণে বাংলাদেশ রেলওয়ের রাজস্ব খাতে পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলে ২৬টি করে মোট ৫২টি স্টেশন মেরামত, আধুনিকায়ন (বর্তমানে ৫৬টি) এবং রেলওয়ে ট্র্যাক নির্মাণ কার্যক্রম বাস্তবায়ন ত্বরান্বিত ও অগ্রগতি পরিবীক্ষণ পর্যলোচনার লক্ষ্যে এটি খুবই গুরুত্বপূর্ণ সভা। চলতি অর্থবছরের মধ্যে সকল স্টেশনের কাজ সমাপ্ত করার বিষয়ে সভাপতি সকলকে আন্তরিক ও তৎপর হওয়ার উপর তিনি গুরুত্বারোপ করে সভাপতি বলেন যে, Rules Of Business অনুযায়ী স্টেশনের মেরামত ও আধুনিকায়ন কার্যক্রম পরিচালনা করা বাঞ্ছনীয় এবং কোন কার্যক্রমের ভূতাপেক্ষ অনুমোদন দেয়া হবেনা মর্মে উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)-কে আহ্বান জানান।

২.১ অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) ৫৬টি রেল স্টেশন আধুনিকায়ন সংক্রান্ত গঠিত ১০টি তদারকি টিমের মন্তব্য/সুপারিশ/পর্যবেক্ষণের তথ্য বিস্তারিতভাবে Power Point উপস্থাপন করেন। তিঁনি জানান যে, মন্ত্রণালয়ের উপসচিব এবং রেলওয়ের কর্মকর্তার সমন্বয়ে ২ (দুই) সদস্যবিশিষ্ট ১০টি টিম গঠন/পুনর্গঠন করা হয়েছে। এ যাবত প্রতিটি টিম একাধিকবার সরেজমিনে তদারকি/পর্যবেক্ষণ করেছেন। বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-১ শাখা থেকে টিমের পর্যবেক্ষণসমূহ সার-সংক্ষেপ আকারে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে অবহিত করা হয়েছে। প্রতিবেদনের সারসংক্ষেপ হিসাবে তিনি সভায় জানান যে, পূর্বাঞ্চলের নরসিংদী, কিশোরগঞ্জ, ব্রাহ্মনবাড়ীয়া, ঢাকা (কমলাপুর), ভৈরববাজার, সরিষাবাড়ী, চট্টগ্রাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, কুমিরা, ফেনী, লাকসাম, নোয়াখালী মোট ১২টি রেলস্টেশনের এবং পশ্চিমাঞ্চলের ২৮টি স্টেশন আধুনিকায়নের কাজের ধীর গতি পরিলক্ষিত হচ্ছে। রেলস্টেশন আধুনিকায়নে যে সকল পরিকল্পনা হাতে নেয়া হয়েছে সেগুলোর অন্যতম প্লাটফরম উঁচুকরণ, আইল্যান্ড প্ল্যাটফরম নির্মাণ, প্ল্যাটফরম শেড বর্ধিতকরণ, Access Control, স্টেশন বিল্ডিং সংস্কার/পুনঃনির্মাণ, সার্কুলার ফেন্সিং ও বাউন্ডারী ওয়াল নির্মাণ, পাবলিক টয়লেট, পার্কিং এরিয়া, এপ্রোচ রোড, ফুটওভার ব্রিজ নির্মাণ প্রভৃতি। তিনি বলেন যে, প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বেশ কিছু স্টেশনে প্লাটফরমের (ভৌত) কাজ ৫০%-৯০% সম্পন্ন হয়েছে এবং ফুটওভার ব্রিজ ও প্লাটফরম শেডের কাজ শুরু করলেও ধীর গতি পরিলক্ষিত হয়। কিছু স্টেশনে ফুটওভার ব্রিজ, প্লাটফরম ও এক্সেস কন্ট্রোল দ্রুত কাজ শুরু করা প্রয়োজন ও নির্মাণ সামগ্রীর গুনগত মান নিশ্চিত করা দরকার মর্মে প্রতিবেদনসমূহে উল্লেখ করা হয়েছে। স্টেশনের প্লাটফরম বর্ধিকরণ এর কাজে উন্নত মানের সাটার ব্যবহার ও নির্মাণ সামগ্রীর ল্যাব টেস্ট করতে হবে মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়। ১০টি তদারকি টিমের মন্তব্য/সুপারিশ অনুযায়ী যেসব জায়গায় স্টেশন আধুনিকায়ন কার্যক্রমের Variation হয়েছে এবং কোন লেভেলে Variation হয়েছে সেগুলো যথাযথভাবে লক্ষ্য রেখে কার্যক্রম বিধি-বিধান অনুযায়ী সংশোধনপূর্বক দ্রুত সমাপ্ত করা প্রয়োজন।

২.২ কাজের ধীরগতি, কাজের গুনগতমান, নির্মাণ সামগ্রীর গুনগত মান, Variation Work, আহবানকৃত টেন্ডারের আওতাধীন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন নিশ্চিতকরণের প্রতিটি বিষয়ে সচিব/সভাপতি নির্দেশ প্রদান করেন। কাজের গুনগত মান নিশ্চিতকরণে সকল প্রকার উদ্যোগ গ্রহণে প্রধান প্রকৌশলী (পূর্ব ও পশ্চিম) সভাবে আশ্বস্ত করেন। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম) সার্বিক তদারকি নিশ্চিত করবেন মর্মে সভায় মতামত ব্যক্ত করেন।


২.৩ মহাপরিচালক সভায় জানান যে, চুক্তি অনুযায়ী কাজ সম্পাদনের নিমিত্ত বাংলাদেশ রেলওয়ে-এর সংশ্লিষ্ট সকলকে তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতির বিভিন্ন প্রকার পর্যবেক্ষণ এবং অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) কর্তৃক উপস্থাপিত পর্যবেক্ষণের উপর প্রধান প্রকৌশলী (পূর্ব/পশ্চিম) অগ্রগতি/মতামত ব্যক্ত করেন।

৩.০ সভায় রেলস্টেশনভিত্তিক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ক) প্রতিবেদনের সারসংক্ষেপ অনুযায়ী পূর্বাঞ্চলের নরসিংদী, কিশোরগঞ্জ, ব্রাক্ষনবাড়ীয়া, ঢাকা (কমলাপুর), ভৈরববাজার, সরিষাবাড়ী, চট্টগ্রাম, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, কুমিরা, ফেনী, লাকসাম, নোয়াখালী মোট ১২টি রেলস্টেশনের এবং পশ্চিমাঞ্চলের ২৮টি স্টেশন আধুনিকায়নের কাজের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।<br>খ) প্রতিবেদনে উপস্থাপিত পর্যবেক্ষণভিত্তিক স্টেশনের আধুনিকায়ন কাজের বিদ্যমান সমস্যাসমূহ দ্রুত নিরসন ও তরান্বিতকরণ। | ৩.১ সকল কাজ চলতি অর্থবছরের (২০২১-২২) মধ্যে সম্পন্ন করতে আরও সচেষ্ট হতে হবে ও কাজের গতি ত্বরান্বিত করতে হবে<br>৩.২ গঠিত টিমের সুপারিশ/মন্তব্য/পর্যবেক্ষণ যথাযথ পালন নিশ্চিত করতে হবে এবং টিমের কাজ চলমান থাকবে<br>৩.৩ নির্মাণ সামগ্রীর গুনগত মান নিশ্চিত করতে হবে<br>৩.৪ কাজের বিপরীতে কোন ভুতাপেক্ষ অনুমোদন দেয়া হবে না<br>৩.৫ যেসকল স্টেশনে এখনও কাজ শুরু হয়নি, সেগুলো চিহ্নিত করে দ্রুত কাজ শুরু করার জন্য সংশ্লিষ্টদের বাধ্য করতে হবে<br>৩.৬ প্লাটফরমের উপরিভাগ ফিনিশিং এর ক্ষেত্রে আলাদাভাবে সিমেন্ট/বালু ব্যবহার করা যাবে না<br>৩.৭ নির্বাচিত ষ্টেশন বিল্ডিং Face Lifting এর কাজ দ্রুত শুরু করতে হবে ও Access Control এর কাজটি দ্রুত সম্পন্ন করতে হবে<br>৩.৮ গ্রেট বীম ও কলামের এলাইনমেন্ট ঠিক করতে হবে<br>৩.৯ ত্রুটিপূর্ণ কাজ দ্রুত সংশোধন করে পরবর্তী কাজ করতে হবে<br>৩.১০ Platform Raising এ উন্নত মানের সাটার ব্যবহার করতে হবে<br>৩.১২ প্লাটফর্ম এর পুরণো Coping Wall এর সাথে সামঞ্জস্য রেখে ফিনিশিং করতে হবে<br>৩.১৩ বিদ্যমান প্লাটফরম উচুঁকরণে যথাযথভাবে কম্প্যাকশন নিশ্চিত করতে হবে এবং ফাউন্ডেশন ও গ্রেড বীম ট্রেঞ্চ ভরাটে ঠিকমত কম্প্যাকশন নিশ্চিত করতে হবে<br>৩.১৪ নির্মাণসামগ্রীর ল্যাব টেস্ট দ্রুত সম্পন্নকরতঃ টেস্ট রিপোর্ট সংরক্ষণ করতে হবে<br>৩.১৫ শেড রং করার পুর্বে রেল চ্যানেল, এঙ্গেল ও গ্যাসেট প্লেটের সার্ফেস ঘষে মসৃণ করতে হবে<br>৩.১৬ প্লাস্টার করার বালি লবণাক্ততা মুক্ত করতে হবে<br>৩.১৭ নবনির্মিত Fencing ভেঙ্গে লোকজন চলাচল করলে দ্রুত সংস্কার করতে হবে | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>২। প্রধান প্রকৌশলী (পূর্ব/ পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| | ৩.১৮ পাবলিক টয়লেটের সংস্কার করতে হবে এবং বিশ্রামাগারের টয়লেটে পানির ফ্লো বৃদ্ধি করতে হবে<br>৩.১৯ প্লাটফরমের উপর অবৈধ দোকান অপসারণ করতে হবে;<br>৩.২০ এপ্রোচ রোড এবং কার পার্কিং এলাকায় পানি নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করতে হবে<br>৩.২১ প্লাটফরমের RCC Slab যথাযথভাবে স্থাপন করতে হবে<br>৩.২২ স্টেশনে এপ্রোচ রোডের উন্নয়ন কাজ করতে হবে<br>৩.২৩ Earth Filling এর কাজে ব্যবহারকৃত বালি চুক্তিপত্রের নির্দেশ অনুযায়ী নিশ্চিত করতে হবে এবং কম্প্যাকশন এর যন্ত্রপাতি, রোলার/প্লেট কম্প্যাক্টর সাইটে এনে মাটি ভরাটের কাজ যথাযথভাবে নিশ্চিত করতে হবে। | |
| | ৩.২৪ তদারকি টিম কার্যপরিধিমত নিয়মিত পরিদর্শন ও পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | গঠিত ১০টি টিম |

৪. আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: হুমায়ুন কবীর
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০৩৪.০১.০০২.২১.১৩

তারিখ: ১২ চৈত্র ১৪২৮
২৬ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব, বাজেট ও পরিবীক্ষন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
৪) অতিরিক্ত সচিব, আইসিটি ও অডিট অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
৫) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
৭) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
৮) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়
৯) যুগ্মসচিব, বাজেট অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১০) যুগ্ম-সচিব, উন্নয়ন-২ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
১১) মোঃ জাহাঙ্গীর হোসেন, মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
১২) অসীম কুমার তালুকদার, মহাব্যবস্থাপক (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
১৩) অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), এডিজি (অবকাঠামো) এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

১৪) অতিরিক্ত মহাপরিচালক, এডিজি (রোলিং স্টক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
১৫) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), এডিজি (অপারেশন)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
১৬) অতিরিক্ত মহাপরিচালক, এডিজি (অর্থ)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে
১৭) মোঃ সুবক্তগীন, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
১৮) মোঃ মনিরুল ইসলাম ফিরোজী, প্রধান প্রকৌশলী, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
১৯) উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
২০) উপসচিব, উন্নয়ন-৩ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
২২) উপসচিব, আইন-১ অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
২৩) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২৪) উপসচিব, উন্নয়ন-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২৫) উপসচিব, ভূমি অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়
২৬) উপসচিব, উন্নয়ন-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়
২৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২৮) বিভাগীয় প্রকৌশলী-১, বিভাগীয় প্রকৌশলী-১, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
২৯) বিভাগীয় প্রকৌশলী-২, বিভাগীয় প্রকৌশলী-২, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
৩০) বিভাগীয় প্রকৌশলী-৩, বিভাগীয় প্রকৌশলী-৩, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা
৩১) মোহাম্মদ সফিকুর রহমান, বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা



ওয়াহেদুর রশীদ
সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)